বাগেরহাটের রামপালে ভ্যান চালককে কুপিয়ে হত্যা

বাগেরহাটের রামপালে লাহু শেখ (৩৭) নামের এক ভ্যানচালককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রবিবার দুপুরে তার মৃত্যু হয়। জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে এই হত্যাকান্ড ঘটে থাকতে পারে বলে পুলিশ প্রাথমিকভাবে ধারনা করছে।
নিহত লাহু শেখ রামপাল উপজেলার ভাগা গ্রামের মহসিন শেখের ছেলে। তিনি পেশায় ভ্যান চালক ছিলেন।
শনিবার রাত বারোটার দিকে রামপাল উপজেলার ভাগা গ্রামের বাড়ি থেকে পরিবারের সদস্যরা রক্তাক্ত অবস্থায় ভ্যান চালক লাহুকে তার ঘর থেকে উদ্ধার করে প্রথমে রামপাল উপজেলা ¯^◌াস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠায়।
পরিবার ও স্থানীয়দের বরাত দিয়ে রামপাল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. লুৎফর রহমান দুপুরে বলেন, শনিবার রাতে ভ্যান চালক লাহু শেখ রাতের খাবার খেয়ে ঘরে শুয়ে পড়েন। রাত বারোটার দিকে লাহুর ঘর থেকে গোঙানির শব্দ শুনে তার মায়ের ঘুম ভেঙে যায়। মা তার ঘরে গিয়ে দেখেন লাহু’র ঘরের দরজা খোলা সে বিছানায় ছটফট করছে তার গলা দিয়ে রক্ত ঝরছে। মা প্রতিবেশিদের ডেকে তাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করেন। সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়েছে। পুলিশ খবর ঘটনাস্থলে গিয়ে লাহুর ঘর থেকে একটি ধারালো রক্ত মাখা বটি উদ্ধার করেছে। শনিবার রাতে নিহত লাহুর পূর্ব পরিচিত ওই দুর্বৃত্তরা তার ঘরে ঢুকে তাকে ধারালো অস্ত্র দিয়ে গলায় কোপ দিয়ে পালিয়েছে।
তিনি আরও বলেন, লাহুর বাবা মহসিন শেখের দুই বিয়ে। দুই ঘরে তার দুই ছেলে। বড় স্ত্রীর ছেলে হলেন নিহত লাহু শেখ। তার এই দুই ছেলের মধ্যে পৈত্রিক সম্পত্তি ভাগাভাগি নিয়ে বেশ কিছুদিন ধরে বিরোধ চলে আসছে। সেই বিরোধের জেরে এই হত্যাকান্ড ঘটে থাকতে পারে বলে প্রাথমিকভাবে ধারনা করছি। মহসিন শেখের ছোট স্ত্রীর ছেলে এলাকা ছেড়ে পালিয়ে গেছেন। পুলিশ তাকে ধরতে অভিযান শুরু করেছে। তাকে পেলে এই হত্যাকান্ডের রহস্য উদঘাটন সহজ হবে বলে ধারনা করছি।

থানায় মামলা দায়ের প্রস্তুতি চলছে।